# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2022

## BENGALI

## আধুনিক বাংলা কবিতা

## CORE-11

Baxshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat Coochbehar

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) গীতিকবিতার উদ্ভব হয়েছিল কোন দেশে ?

(খ) ‘ওডিসি’ কী ধরনের মহাকাব্য ?

(গ) ‘আট বছর আগের একদিন’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ঘ) ‘ইম্প্রেশনিজম’-এর বাংলা প্রতিশব্দ কী ?

(ঙ) একটি প্যারোডি জাতীয় রচনার নাম লেখো।

(চ) বন্দনা সংগীত কোথা থেকে গাওয়া হবে ?

(ছ) ‘মোর আপনারে আমি নবজন্ম করেছি দান’– কোন কবিতার লাইন ?

(জ) ‘বাবরের প্রার্থনা’ কবিতাটির রচনাকাল কত ?

(ঝ) নিও-ক্লাসিক যুগ কোন সময়কে বলা হয় ?

(ঞ) শূন্যস্থান পূরণ করো–

“এখন খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
__________ ডাকে : আয় আয় আয়”।

(ট) ‘উটপাখি’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ঠ) ‘রিয়ালিজম’ কাকে বলে ?

(ড) ‘সাধের আসন’ কী জাতীয় রচনা ?

(ঢ) কোন রচনার মধ্য দিয়ে রোমান্টিসিজমের সূত্রপাত বলে ধরা হয় ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটির*** ওপর সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) ইম্প্রেশনিজম

(খ) লিমেরিক

(গ) পত্রকাব্য।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতায় বাংলার পল্লীপ্রকৃতি ও পল্লী জীবনের যে চিত্রকল্প ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) সনেট কাকে বলে ? সংক্ষেপে সনেটের নির্মাণ রীতি আলোচনা ক'রে দৃষ্টান্তযোগে সনেটের বৈশিষ্ট্য উল্লেখ করো।

(গ) সুররিয়ালিজম-এর সাধারণ বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'টপ্পা-ঠুংরি' কবিতার নামকরণ কতটা সার্থক– তোমার মতের সপক্ষে যুক্তি দাও।

(খ) 'পদাতিক' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) মহাকাব্য কাকে বলে ? শ্রেণীবিভাগ উল্লেখ করে মহাকাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2022

## BENGALI

### আধুনিক বাংলা উপন্যাস

### CORE-12

Baxshirhat Mahavidyalaya
Estd 2006
Baxshirhat, Coochbehar

সময় : ২ ঘন্টা | পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'জাগরী' উপন্যাসটি কোন রাজনৈতিক পটভূমিকায় রচিত হয় ?

(খ) পীতম মাঝির মেয়ের নাম কী ?

(গ) নীলু কোন রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী ছিল ?

(ঘ) দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

(ঙ) জাগরী উপন্যাসে বর্ণিত পূর্ণিয়া সেন্ট্রাল জেলের ডাক্তারবাবুর নাম কী ?

(চ) বঙ্কিমচন্দ্রের দুটি রোমান্সধর্মী উপন্যাসের নাম লেখো।

(ছ) দুটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(জ) 'হালার মাছ ধইর‍্যা জুত নাই'– বক্তা কে ?

(ঝ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসটি লেখক কাকে উৎসর্গ করেছেন ?

(ঞ) বিলু কত নম্বর ফাঁসির আসামী ছিল ?

(ট) 'খাসা গড়ন পিটন মেয়েটার।'– এখানে কোন মেয়েটির কথা বলা হয়েছে ?

(ঠ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সূচনায় কোন্ ঋতুর কথা বলা হয়েছে ?

(ড) দুটি অতি-প্রাকৃত ছোটগল্পের নাম লেখো।

(ঢ) দুটি আত্মকথনমূলক উপন্যাসের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) কপিলা চরিত্র

(খ) আঞ্চলিক উপন্যাস

(গ) রাজনৈতিক উপন্যাস।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে ? বাংলায় একটি ঐতিহাসিক উপন্যাসের আলোচনা করে এই শ্রেণির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) 'জাগরী' উপন্যাসের কথনরীতির বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসের নায়ক চরিত্র বিচার করো।

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'দুখিয়ার কুঠি' উপন্যাসে ভূমিপুত্রের নিজস্ব অস্তিত্ব হারানোর আর্তনাদ ফুটে উঠেছে– আলোচনা করো।

(খ) "প্রকৃতির বিরুদ্ধে মানুষের অবিরাম লড়াইয়ের মধ্যে দিয়েই ক্রমবিকশিত হয়েছে মানব সভ্যতার ইতিহাস। ময়না দ্বীপকে নিয়ে হোসেন মিঞাঁর সংগ্রামী প্রচেষ্টার মধ্যে তারই প্রতীকী আভাস প্রতিফলিত।"– উক্তিটির আলোকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে ময়না দ্বীপের ভূমিকা আলোচনা করো।

(গ) 'জাগরী' উপন্যাসে চারটি চরিত্রের মধ্যে নীলুর অন্তর্দ্বন্দ্ব সর্বাপেক্ষা বেশি।– নীলু চরিত্রটি আলোচনা করে মন্তব্যটির সত্যতা বিচার করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2022

## BENGALI

## DSE-1

Baneshwar Mahavidyalaya Estd 2006 Baneshwar Coochbehar

সময় : ২ ঘণ্টা — পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

**The question paper contains DSE1A and DSE1B.**
**The candidates are required to choose any *one* from the two options.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

### বাংলা উপন্যাস : উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১×১০ = ১০

(ক) মন্বন্তর-এর প্রেক্ষাপটে রচিত দুটি বাংলা উপন্যাসের নাম লেখো।

(খ) দেশভাগের প্রেক্ষাপটে লেখা দুটি উপন্যাসের নাম লেখো।

(গ) কত সালে, কোন্ পত্রিকায় প্রথম বাংলা 'নক্‌শা জাতীয়' রচনা প্রকাশিত হয় ?

(ঘ) তেভাগা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত দুটি বাংলা উপন্যাসের নাম উল্লেখ করো।

(ঙ) 'নক্ষত্রের রাত' উপন্যাসটির রচয়িতার নাম কি ?

(চ) 'হুতোম প্যাঁচার নক্‌শা'-র শেষ অধ্যায়টির নাম কি ?

(ছ) দ্বারকা চৌধুরী কে ?

(জ) 'হুজগ' কাকে বলে ?

(ঝ) স্বদেশী আন্দোলনের প্রেক্ষিতে লেখা দুটি উপন্যাসের নাম লেখো।

(ঞ) গণদেবতা উপন্যাসের দুটি স্ত্রী-চরিত্রের নাম লেখো।

(ট) 'অমরকুণ্ডার মাঠ' কোথায় অবস্থিত ?

(ঠ) 'গণদেবতা' উপন্যাসটি লেখক কাকে উৎসর্গ করেছেন ?

(ঢ) দেবুর স্ত্রী কোন্ 'ব্রত' পালন করত ?

(ড) গণদেবতা উপন্যাসে কোন্ গ্রামের চিত্র অঙ্কিত হয়েছে ?

(ণ) 'তিলাঞ্জলি' উপন্যাসটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? এর রচয়িতা কে ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) মন্বন্তর

(খ) বিধবা বিবাহ

(গ) স্বদেশী আন্দোলন।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) উনিশ শতকের সমাজ-সংস্কার আন্দোলনের গতি-প্রকৃতি বাংলা উপন্যাস অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

(খ) গণদেবতা উপন্যাসে তৎকালীন চণ্ডীমণ্ডপের যে চিত্র অঙ্কিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' রচনাটিতে উনিশ শতকের বাবু সম্প্রদায়ের যে ছদ্ম পরিচয় পাওয়া যায় তা দৃষ্টান্ত সহকারে ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) বাংলা উপন্যাসের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

(খ) তারাশঙ্করের গণদেবতা উপন্যাসে রাঢ়ের জনজীবনের প্রতিফলন কিভাবে ঘটেছে তা আলোচনা করো।

(গ) বাংলা উপন্যাসে দেশ বিভাগের প্রতিফলন কিভাবে ঘটেছে সে সম্পর্কে একটি নিবন্ধ আলোচনা করো।

## DSE-1B

### বাংলা ছোটগল্প : উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত নারায়ণ গঙ্গোপাধ্যায়ের দুটি ছোটগল্পের নাম উল্লেখ করো।

(খ) স্বদেশী আন্দোলনের প্রেক্ষাপটে রচিত প্রভাতকুমার মুখোপাধ্যায়ের একটি ছোটগল্পের নাম উল্লেখ করো।

(গ) 'দাঙ্গা', 'সরবানু ও রোস্তম' গল্প দুটির রচয়িতা কে ?

(ঘ) বাল্যবিবাহের উল্লেখ আছে রবীন্দ্রনাথের এমন দুটি গল্পের নাম লেখো।

(ঙ) 'নোনাজল' গল্পে কোন্ জাহাজের কথা বলা হয়েছে ?

(চ) 'বিধবা বিবাহের প্রেক্ষিতে' রচিত দুটি বাংলা ছোটগল্পের নাম লেখো।

(ছ) 'ট্রেন ছাড়লো-শূন্যময় হয়ে গেলো হাওড়া স্টেশন-ধীরে ধীরে গঙ্গার ধারে এসে দাড়ালাম।'

— লাইনটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ?

(জ) 'মহেশ' গল্পে জমিদারের নাম কী ?

(ঝ) 'বুড়া আশ্চর্য হইয়া কহিল' – এই বুড়া কে ? কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ?

(ঞ) কলাবতী চরিত্রটি কোন্ গল্পে পাওয়া যায় ?

(ট) 'পাশাপাশি' গল্পের নায়ক কলকাতায় কার বাড়িতে উঠেছিল ?

(ঠ) কমলকুমার মজুমদারের দুটি গল্পের নাম লেখো।

(ড) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঢ) অচিন্ত্যকুমার সেনগুপ্তের দুটি গল্পের নাম লেখো।

Bakshirhat Mahavidyalaya • Estd : 2006 • Bakshirhat, Coochbehar

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) মিত্তির ঝা।

(খ) 'নয়া ঝুনা কোন্ খালাসিকে নুউক বন্দরে নামতে দেওয়া হয় না' –'নয়া ঝুনা' বলতে কী বোঝানো হয়েছে ? তাদের বন্দরে নামতে দেওয়া হয় না কেন ?

(গ) স্ত্রী-শিক্ষার প্রসার।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) মন্বন্তর কাকে বলে ? মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত একটি বাংলা ছোটগল্প সম্পর্কে আলোচনা করো।

(খ) বিশ শতকের প্রথমার্ধে বিভিন্ন রাজনৈতিক আন্দোলন-নির্ভর ছোটগল্পের উপর একটি নাতিদীর্ঘ আলোচনা করো।

(গ) 'ধরা বিয়ে' গল্পের সমাজ বাস্তবতার স্বরূপ আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) বিধবা বিবাহের উপর রচিত বাংলা ছোটগল্প সম্পর্কে একটি নিবন্ধ আলোচনা করো।

(খ) ছোটগল্প কাকে বলে ? ছোটগল্পের শ্রেণীবিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ৫+১০

(গ) কমলকুমারের 'মধু' গল্পের মধ্যে গল্প-কথকের চরিত্রে মধ্যবিত্তপনার যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2022

## BENGALI

## DSE-2

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

সময় : ২ ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

**The question paper contains DSE2A and DSE2B.**
**The candidates are required to choose any *one* from the two options.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE2A

### বাংলা প্রবন্ধ-নিবন্ধ

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১×১০ = ১০

(ক) যামিনী রায়ের প্রধান পরিচয় কী ?
(খ) যামিনী রায়ের জন্ম ও বিদ্যার্জন কোথায় হয় ?
(গ) প্রবন্ধ ও নিবন্ধের মধ্যে পার্থক্য কী ?
(ঘ) রবীন্দ্রনাথ ও সংস্কৃত সাহিত্য প্রবন্ধটির রচনাকাল কত ?
(ঙ) রামমোহন রায় সম্পাদিত পত্রিকার নাম কী ?
(চ) ভবতোষ দত্ত কোন্ বিষয়ে অধ্যাপনা করতেন ?
(ছ) সন্তানের শিক্ষা প্রবন্ধটি প্রথম কবে এবং কোথায় প্রকাশিত হয়েছিল ?
(জ) প্রবন্ধ সাহিত্য ছাড়া ভূদেব মুখোপাধ্যায় আর কী কী রচনা করেছেন ?
(ঝ) রাজা রামমোহন রায়ের জন্মসাল উল্লেখ করো।
(ঞ) পটুয়া শিল্প কোন্ ধরনের শিল্প ?
(ট) মন্ময় প্রবন্ধ ও তন্ময় প্রবন্ধের বাংলা প্রতিশব্দ লেখো।
(ঠ) মধ্যযুগীয় বাংলা সাহিত্যে প্রবন্ধ জাতীয় রচনা কোন্ জাতীয় রচনাগুলিকে বলা যেতে পারে ?
(ড) 'কালপেঁচা' কার ছদ্মনাম ?
(ঢ) 'সফল স্বপ্ন' গ্রন্থের লেখক কে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৫×১ = ৫

(ক) 'সন্তানের শিক্ষা'য় পিতা-মাতার ভূমিকা কতখানি ?
(খ) আধুনিকতার পথিকৃৎরূপে রাজা রামমোহন রায়ের চরিত্র পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
(গ) রবীন্দ্রনাথের সাহিত্যজীবন ও ব্যক্তিজীবনে সংস্কৃত সাহিত্যের যে প্রভাব রয়েছে, তা অতুলচন্দ্র গুপ্তের প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০×১ = ১০

(ক) প্রবন্ধ সাহিত্য কত প্রকারের হয়ে থাকে — উদাহরণ সহযোগে প্রত্যেকটির সংজ্ঞা দাও।
(খ) সংস্কৃতির সামাজিক দূরত্ব বলতে প্রাবন্ধিক কী বোঝাতে চেয়েছেন — দেখাও।
(গ) ভারতীয় চিত্রকলার ইতিহাসে যামিনী রায়ের অবদান আলোচনা করো।

Turn Over

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) শিক্ষাবিষয়ক আলোচনায় আদর্শ শিক্ষার ধারণা তুলে ধরার ক্ষেত্রে ভূদেব মুখোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

(খ) দেশজ শিল্পরীতির মধ্যে যে শক্তি ও স্থিতিস্থাপকতার কথা বলা হয়েছে তা পাশ্চাত্য শিল্পরীতিতে পটুয়াশিল্প অবলম্বনে আলোচনা করো।

(গ) কাজের কথার চেয়ে বাজে কথা দিয়েই মানুষকে চেনা যায় বেশি — রবীন্দ্রনাথের এই বক্তব্যের সারমর্ম আলোচনা করো।

## DSE2B

## বিশ শতকের বাংলা কবিতা

Basirhat Mahavidyalaya, Estd. 2006, Bakshirhat, Coochbehar

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'বাতাসী' কবিতায় বাতাসী কে?

(খ) 'সোনালি কাবিন' কার রচনা?

(গ) নীরেন্দ্রনাথের ছদ্মনাম কী?

(ঘ) মোহিতলালের জন্ম কবে, কোথায়?

(ঙ) 'হেমন্ত গোধূলি' গ্রন্থটির রচয়িতা কে?

(চ) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর প্রথম প্রকাশিত গ্রন্থ কোন্‌টি?

(ছ) কবি আলমামুদের জন্ম ও মৃত্যুকাল উল্লেখ করো।

(জ) মোহিতলালের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঝ) জয় গোস্বামীর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঞ) কাস্তে কবি কাকে বলা হয়?

(ট) ১৮৯৯ সালে জন্মেছেন এমন দু'জন বাঙালি কবির নাম লেখো।

(ঠ) নজরুল ইসলামের 'দারিদ্র্য' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ড) 'চোরাবালি' কাব্যগ্রন্থটি কার রচিত?

(ঢ) নজরুল ইসলাম সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) কবি নীরেন্দ্র চক্রবর্তীর কবিতার কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) "বাতাসি! বাতাসি!" বলে ছুটে যায় — কে ছুটে যায়? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'কালাপাহাড়' কবিতাটির নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'রবীন্দ্রনাথ' কবিতা অবলম্বনে আলমামুদের রবীন্দ্র-ভাবনার পরিচয় দাও।

(খ) 'বাতাসী' কবিতার ভাববস্তু ব্যাখ্যা করো।

(গ) 'কাস্তে' কবিতার নামকরণের বিশেষত্ব আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'দারিদ্র্য' কবিতার সূচনায় কবি নজরুল বলেছেন — 'হে দারিদ্র্য তুমি মোরে করেছ, মহান' আবার পরে বলেছেন —'অকালে শুকায়ে মোর রূপ-রস-প্রাণ।'—এই উক্তির আলোকে কবিতার তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'হৃদি ভেসে যায় অলকানন্দার জলে' — কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

(গ) দিনেশ দাসের 'কাস্তে' কবিতায় কবির প্রতিবাদী ও মানবতাবাদী মনোভাব প্রকাশিত হয়েছে — আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 5th Semester Examinations, 2022

## BENGALI

### বাংলা উপন্যাস: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

অথবা

### বাংলা ছোটগল্প: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

### DSE-1 (GROUP-1)

**সময় : ২ ঘন্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

## DSE-1A

### বাংলা উপন্যাস: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) "ও গামচা কাঁদে ভালো মাচ নিবি"– কাদের উক্তি ?
(খ) "ভদ্দেশ্বরে শিবো মহাদেব"– বলে কারা, কোথায় চিৎকার করতে থাকল ?
(গ) "চড়ক" শিরোনামে কবে, কী প্রকাশিত হয় ?
(ঘ) "হুতোম প্যাঁচার নক্শা"য় কোন কোন বিদ্রোহের উল্লেখ আছে ?
(ঙ) "আপনার মুখ আপনি দেখোন"– কার লেখা ?
(চ) 'গণদেবতা' উপন্যাসের জন্য তারাশঙ্কর কবে, কোন পুরস্কার পান ?
(ছ) 'গণদেবতা' উপন্যাসে কোন কোন গ্রামের নাম আছে ?
(জ) শ্রীহরি প্রথম দিকে নিজের সম্পদ বাড়াতে কোন কোন উপায় অবলম্বন করেছিলো ?
(ঝ) ছিরু পালের ক'টি সন্তান ? বেঁচেছিল কতজন ?
(ঞ) ত্রিপুরা সিং কে ছিলেন ?
(ট) 'বাল্য বিবাহ' কেন্দ্রিক একটি উপন্যাসের নাম লেখো।
(ঠ) বাংলায় একটি সার্থক চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের নাম লেখো।
(ড) বাংলায় একটি সার্থক কারা উপন্যাসের নাম উল্লেখ করো।
(ঢ) দেবু ঘোষের স্ত্রীর নাম কী ?

২। যে-কোনো ***একটি*** টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) ছিরু পাল
(খ) পাতু মুচি
(গ) হঠাৎ অবতার।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'হুতোম প্যাঁচার নক্শা'য় কোলকাতার হুজুগের যে পরিচয় আছে তার বর্ণনা দাও।
(খ) 'গণদেবতা'য় কয়টি গ্রামের নাম আছে, তাদের পরিচয় দাও।

(গ) 'মনস্তাত্ত্বিক' উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করে একটি সার্থক বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাসের পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'হুতোম প্যাঁচার নক্‌শা'র হাস্যরসের পরিচয় দাও।

(খ) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো। দুটি সার্থক বাংলা উপন্যাসের পরিচয় দাও।

(গ) 'গণদেবতা' উপন্যাসের অপ্রধান চরিত্র নির্মাণে তারাশঙ্করের কৃতিত্ব আলোচনা করো।

## DSE-1B

### বাংলা ছোটগল্প: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'আপনাকে আমি চিনতে পারিনি'– 'ধরা বিয়ে' গল্পে এই উক্তি কে, কাকে করেছেন ?

(খ) 'ধরা বিয়ে' গল্পে মেয়েটির নাম কী ?

(গ) 'ধরা বিয়ে' গল্পে পানপত্র লেখার সময় সাক্ষী কে কে ছিলেন ?

(ঘ) 'মহেশ' গল্পে গফুর কার কাছে পিতলের থালা বন্দক রাখে ?

(ঙ) 'মহেশ' গল্পে শিবুবাবু কে ছিলেন ?

(চ) 'মহেশ' গল্পে 'গফুর ও আমিনা' শেষে কোথায় যায় ?

(ছ) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পে বিধবা ভগিনীকে নিয়ে কাদের মধ্যে কাড়াকাড়ি বাঁধে ?

(জ) নয়নচাঁদ কোন গ্রাম থেকে শহরে এসেছিল ?

(ঝ) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পে কারা সভা করে শীতলার বক্তৃতা দিয়েছিল ?

(ঞ) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পে অষ্টম পর্বের নাম কী ?

(ট) 'নোনাজল' গল্পে ছুটির দিনে মেজো সারেঙের পোষাকের বর্ণনা দাও।

(ঠ) সারেঙ কোথায় 'Sign' করে কাজে ঢুকেছিল ?

(ড) 'সুসোর খাড়ি' মানে কী ?

(ঢ) 'মধু' গল্পের নায়িকার নাম কী ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) মেজ সারেঙ

(খ) তর্করত্ন

(গ) শীতলা।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'কলাবতী' চরিত্রের পরিচয় দাও।

(খ) 'পাশাপাশি' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(গ) 'নোনাজল' গল্পে বিদেশের যে বর্ণনা আছে তা নিজের ভাষায় লেখো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) মহেশ গল্পে কৃষক বনাম শ্রমিকের দ্বন্দ্ব নিজের ভাষায় আলোচনা করো।

(খ) 'দেশভাগ' নিয়ে বাংলা ছোটগল্পের আলোচনা করো।

(গ) 'মধু' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 5th Semester Examinations, 2022

## BENGALI

## বাংলা ভাষার প্রয়োগ : মুদ্রণশিল্প ও প্রকাশনায়

## SEC-3

সময় : ২ ঘণ্টা | পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) পৃথিবীর প্রাচীনতম মুদ্রিত গ্রন্থের নাম কী ?

(খ) ভারতবর্ষে কত খ্রীষ্টাব্দে প্রথম বই ছাপা হয় ?

(গ) প্রথম আলগা হরফ ব্যবহারের দাবীদার কোন্ দেশ ?

(ঘ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় প্রধানতঃ কোন্ বর্ণমালা ব্যবহার হয়ে থাকে ?

(ঙ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় ‘$kk^h$’ লিখে বাংলার কোন্ ধ্বনিকে প্রকাশ করা হয় ?

(চ) আই. পি. এ. (IPA) প্রবর্তন করেন কে ?

(ছ) বাংলার ‘ঁ’ ধ্বনিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় কোন্ চিহ্ন দিয়ে বোঝানো হয় ?

(জ) IPA-অনুসরণে ব্যক্তির নাম বা স্থান নামের পূর্বে কোন্ চিহ্ন ব্যবহার করা হয় ?

(ঝ) কম্পিউটারে বাংলা লেখার জন্য ব্যবহৃত একটি সফ্টওয়ারের নাম লেখো।

(ঞ) অভ্র কী ধরনের কীবোর্ড ?

(ট) কম্পিউটারের কীবোর্ডে কোন্ বাটন টিপলে অভ্রতে বাংলা ভাষা সেট হয়ে যাবে ?

(ঠ) অভ্র কীবোর্ড তৈরির কাজ সর্বপ্রথম কে শুরু করেছিলেন ?

(ড) বাংলা ভাষায় আলগা টাইপ সর্বপ্রথম কে তৈরি করেন ?

(ঢ) প্রুফ সংশোধনের ক্ষেত্রে কপি বলতে কী বোঝায় ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার মূলনীতি দুটি সংক্ষেপে লেখো।

(খ) অভ্র কীবোর্ড ব্যবহারের পদ্ধতি লেখো।

(গ) টীকা লেখোঃ
(অ) ম্যাটার
(আ) পয়েন্ট ও মেজার।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) বাংলা শব্দভাণ্ডারের কম্পিউটার লিপ্যন্তর করার জন্য উচ্চারণের নিয়মাবলী সম্বন্ধে আলোচনা করো।

(খ) অভ্র কীবোর্ডের বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) প্রুফ রিডারের করণীয় কর্তব্যগুলি কী ?

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) কম্পিউটারে বাংলা লেখার নিয়ম ও তার প্রয়োজনীয়তা কী ?

(খ) প্রুফ সংশোধনের প্রতীক-চিহ্নগুলির ব্যবহার সম্বন্ধে আলোচনা করো।

(গ) সাম্প্রতিককালে বাংলা ভাষায় গ্রন্থ প্রকাশের ক্ষেত্রে মুদ্রণশিল্প ও প্রকাশনা পদ্ধতির যাবতীয় সুযোগ-সুবিধাগুলি সবিস্তারে আলোচনা করো।

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat Coochbehar

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 5th Semester Examination, 2022

## BENGALI

### বাংলা সাহিত্যের নিবিড় পাঠ

### GE-1

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) সুকুমার রায়ের দুটি বইয়ের নাম লেখো।

(খ) ‘ছেলেটা’ কবিতাটি কোন্ ছন্দরীতিতে রচিত ?

(গ) বিভীষণ, হনুমান — নাটকের দুটি চরিত্র কার লেখা, কোন্ নাটকের অন্তর্গত ?

(ঘ) ‘জাবালি’ গল্পে কোন্ পৌরাণিক গ্রন্থের প্রভাব রয়েছে ?

(ঙ) ‘ভোঁদড় বাহাদুর’ গ্রন্থের রচয়িতার নাম লেখো।

(চ) ‘বনলতা সেন’ কবিতাটির রচনাকাল উল্লেখ করো।

(ছ) ‘ছিন্নমস্তা’ গল্পের প্রতিভার বাপের বাড়ি কোথায় ?

(জ) ‘অবাক করলে রাবণ বুড়ো’ – গানটি কারা গেয়েছেন ?

(ঝ) আশাপূর্ণা দেবীর দুটি গ্রন্থের নাম লেখো।

(ঞ) ‘ছিন্নমস্তা’ গল্পে ছিন্নমস্তা কে ?

(ট) ‘জাবালি’ কোন্ শ্রেণীর রচনা ?

(ঠ) জয়াবতী বাড়ির উঠোনটি কবে বাঁধিয়েছেন ?

(ড) শূন্যস্থান পূরণ করোঃ
‘আমারে দু’দণ্ড ________ দিয়েছিল নাটোরের বনলতা সেন।’

(ঢ) ‘বনলতা সেন’ কাব্যটি কত সালে প্রকাশিত হয় ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ‘বনলতা সেন’ কবিতাটির ইতিহাস চেতনার পরিচয় দাও।

(খ) ‘জাবালি’ গল্পের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

(গ) টীকা লেখোঃ
‘লক্ষ্মণের শক্তিশেল’ নাটক।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) সুকুমার রায় 'লক্ষ্মণের শক্তিশেল' নাটকটিতে যে হাস্যরসের পরিচয় তুলে ধরেছেন, তা দেখাও।

(খ) 'বনলতা সেন' কবিতাটির সারমর্ম আলোচনা করো।

(গ) 'ভোঁদড় বাহাদুর' গ্রন্থের ভোঁদড় চরিত্রের কার্যকলাপ সম্পর্কে যা জানো লেখো।

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'ছেলেটা' কবিতাটির বিষয়বস্তু আলোচনা করো।

(খ) ছোটগল্পকার হিসেবে আশাপূর্ণা দেবীর কৃতিত্ব 'ছিন্নমস্তা' গল্প অবলম্বনে বিচার করো।

(গ) 'লক্ষ্মণের শক্তিশেল' নাটকটিতে মধ্যবিত্ত বাঙালি জীবনের নানা অসঙ্গতির চিত্র কীভাবে রচয়িতা ফুটিয়ে তুলেছেন — আলোচনা করো।

——×——